

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ

তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ / ০৭ জুন, ২০১৮ খ্রিষ্টাব্দ

বিশেষ আদেশ নং-০৬/মূসক/২০১৮।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ১৭ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ মোতাবেক ০১ জুলাই, ২০১৭ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত বিশেষ আদেশ নং- ০৬/মূসক/২০১৭ এতদ্বারা রহিত করিল।

২। অধিকন্তু, রহিতকৃত আদেশে উল্লিখিত টেবিল এর কলাম (৩) এ বর্ণিত অনুচ্ছেদ (১) এর (ক) ও (খ) এবং কলাম (৪) এ বর্ণিত বিবরণ, সংখ্যা ও যতিচিহ্নসমূহের স্থলে কলাম (৩) এ “২৭ টাকা” ও কলাম (৪) এ “৫২” শব্দ ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইয়াছে বলিয়া গণ্য হইবে, যাহা ১ জুন, ২০১৭ খ্রিষ্টাব্দ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি
চেয়ারম্যান